

আল-ইসরা (বনী-ইসরাঈল) | Al-Isra (Bani-Israil) | الْإِسْرَاءُ (بَنِي إِسْرَائِيل)

আয়াতঃ ১৭ : ৫০

আরবি মূল আয়াত:

قُلْ كُونُوا حِجَارَةً أَوْ حَدِيدًا ﴿٥٠﴾

অনুবাদসমূহ:

বল, 'তোমরা পাথর হয়ে যাও কিংবা লোহা', — আল-বায়ান

বল, 'তোমরা যদি পাথর কিংবা লোহাও হয়ে যাও, — তাইসিরুল

বলঃ তোমরা হয়ে যাও পাথর অথবা লৌহ – মুজিবুর রহমান

Say, "Be you stones or iron — Sahih International

৫০. বলুন, তোমরা হয়ে যাও পাথর বা লোহা,(১)

১. অর্থাৎ যদি তোমরা আশ্চর্য মনে করে থাক যে, আমরা অস্ত্র ও চূর্ণ-বিচূর্ণ হয়ে গেলে কিভাবে আবার পুনরুত্থিত হব, তাহলে তোমরা যদি পার তো পাথর বা লোহা হয়ে যাও। [তাবারী] অথবা আয়াতের অর্থ, যদি তোমরা পাথর ও লোহাও হয়ে যাও তারপরও তোমরা আল্লাহর হাত থেকে রেহাই পাবে না। অথবা এর অর্থ, যদি তোমরা পাথর কিংবা লোহাও হয়ে যাও তারপরও আল্লাহ তোমাদেরকে তেমনি নিয়ে আসবেন, যেমনি তিনি প্রথমবার সৃষ্টি করেছেন। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৫০) বল, 'তোমরা হয়ে যাও পাথর অথবা লোহা। [১]

[১] যা মাটি ও হাড় থেকেও শক্ত; যাতে জীবন সঞ্চার করা অতি কঠিন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2079>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন